



# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

[www.ccc.gov.bd](http://www.ccc.gov.bd)



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

০৯ এপ্রিল ২০২২

## নগরীর ৭নং ব্রীজের নির্মাণ কাজ পরিদর্শন করেন মেয়র

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র রেজাউল করিম চৌধুরী বলেছেন নগরীর এয়ার পোর্ট রোডটি অত্যান্ত গুরুত্বপূর্ণ একটি সড়ক। এ সড়কের কোথাও কোন সমস্যা হলে জনসাধারণকে খুবই ভোগান্তি পোহাতে হয়। তাই রোডটির উপর সব সময় সজাগ দৃষ্টি রাখতে হবে। যাতে জনগনের ভোগান্তি পোহাতে না হয়। তিনি ৭নং খালের ব্রীজের কাজ দ্রুততার সাথে শেষ করার জন্য দায়িত্বপ্রাপ্ত প্রকৌশলকে নির্দেশন প্রদান করেন। এছাড়া নগরীর সড়ক ও অলি গুলোতে যেখানে খানা খন্দক আছে তা প্যাঁচ ওয়ার্কের মাধ্যমে আগামী দশ দিনের মধ্যে মেরামত করার জন্যও চসিক প্রকৌশল বিভাগকে নির্দেশনা প্রদান করেন। আজ শনিবার বিকালে এয়ার পোর্ট রোডের ৭নং ব্রীজ পরিদর্শন করতে গিয়ে তিনি একথা বলেন। এ সময় উপস্থিত ছিলেন ওয়ার্ড কাউন্সিলর আবদুল বারেক, নির্বাহী প্রকৌশলী আশিকুল ইসলাম, সহকারী প্রকৌশলী ফয়সল আহমদ ভুইয়া প্রমুখ।

মেয়র আরো বলেন, কর্ণফুলী নদীর সাথে সংযোগ খাল মাইটাইল্যা খাল, মহেশ খালসহ সব খাল থেকে মাটি ও আবর্জনা তোলার কাজ চলমান রয়েছে। এ মাসের মধ্যেই খাল গুলো পরিষ্কার করা হয়ে গেলে এই এলাকায় জলজট সমস্যা লাগব হবে। তিনি খাল ও নালা পরিষ্কার করার পর কেউ ময়লা-আবর্জনা খাল নালায় ফেললে তাদেরকে জরিমানা সহ শাস্তির আওতায় আনা হবে বলে হৃশিয়ার করেন।

## রোখসানা আক্তার হীরা ফাউন্ডেশনের ইমাম মোয়াজিনদের মাঝে উপহার বিতরণ করেন মেয়র

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, পবিত্র রমজান মাস সিয়াম সাধনার মাস। এ মাসের দান মহান আল্লাহ রাবুল আলামিনের নিকট বিশী পছন্দনীয়। যারা রমজানে গরীব, দুঃখী, অসহায় ও অসচ্ছল লোকদের মাঝে মানবিক দিক বিবেচনায় এগিয়ে আসবে আল্লাহ তাদের সহায় হবেন। তিনি ব্যবসায়ীদের রমজান মাসে নিত্য পণ্যে অতিরিক্ত মুনাফা না করে দাম কমিয়ে আনার আহ্বান জানান। মেয়র আরো বলেন, মসজিদের ইমাম-মোয়াজিনগণ স্বল্প বেতনে চাকুরি করেও অন্যদের চেয়ে ভালো অবস্থানে থাকেন। তাদের রঞ্জি রোজগারে বরকত হয় বলে তারা সুন্দরভাবে জীবন যাপন করতে পারেন। আজ শনিবার বিকালে রোখসানা আক্তার হীরা ফাউন্ডেশনের উদোগে আগোবাদ চৌমহনী এলাকায় ইমাম, মুয়াজিন ও কোরআনে হাফেজদের মাঝে রমজানের উপহার সামগ্রী বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিরিক্ত বক্তব্যে এসব কথা বলেন।

এ সময় ওয়ার্ড কাউন্সিলর নাজমুল হক ডিউক, ওয়াসিম উদ্দীন চৌধুরী, আওয়ামী লীগ নেতা এরশাদুল আমিন চৌধুরী, স্বেচ্ছাসেবক লীগ সভাপতি দেবাশীষ নাথ দেবা, সাধারণ সম্পাদক আজিজুর রহমান আজিজ, মহানগর ছাত্রলীগের সাবেক সভাপতি এম আর আজিম, এমইএস কলেজ ছাত্রলীগ সভাপতি মোহাম্মদ তারেক ও জসিম উদ্দীন খোন্দকার প্রমুখ।

মেয়র আরো বলেন, রমজানে নিজে ইফতার করা যেমন ফজিলতপূর্ণ মেমনি অন্যকে ইফাতার করানোও ফজিলতের কাজ। আল্লাহতালা এমাসে বান্দাদের রিজিক বাড়িয়ে দেন। তিনি ইমাম মোয়াজিনদের পাশে সামান্য উপহার সামগ্রী নিয়ে দাঁড়ানো জন্য রোখসানা আক্তার হীরা ফাউন্ডেশন কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান।

**স্বাক্ষরিত/-**

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৮৭৭৬৯৩